বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর

প্রকল্প ঋণ নীতিমালা-২০১৫ (সংশোধিত)

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

মতিঝিল, ঢাকা।

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ
৯-ডি, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোনঃ ৯৫৬৪৬২৮, ৯৫৫৭৮০০, ৯৫৬০৮৭৩, ৯৫৬০৯১৭, ৭১৭৫৮২১
ফ্যাক্সঃ ৯৫৫৮১১৭, ই-মেইলঃ bsbl_bank@yahoo.com

১। শিরোনামঃ- বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর সমন্বিত প্রকল্প ঋণ নীতিমালা -২০১৫ (সংশোধিত)।

(২৮.০৭.১৬ তারিখে ৩৯ তম বার্ষিক সাধারণ সভায়অনুমোদিত।)

২। উদ্দেশ্যাবলী (Objectives)t

এদেশের দরিদ্র মানুষের অর্থনৈতিক মুক্তির লক্ষ্যেসমবায় পদ্ধতিতে ঋন দেয়ার জন্য ১৯৪৮ সালে ইস্ট পাকিস্তান প্রভিনন্সিয়াল কো-অপারেটিভ ব্যাংক প্রতিষ্ঠা করা হয় দেশ স্বাধীনের পর এ ব্যাংকের নামকরণ হয় বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ করা হয়। এ ব্যাংকটি মুলত বাংলাদেশের একটি জাতীয় সমবায়ী আর্থিক প্রতিষ্ঠান। এ ব্যাংক হতে সদস্যভূক্ত সমবায় সমিতিসমূহকে প্রধানতঃ কৃষি খাতে স্বল্প/ মধ্যম/ দীর্ঘ মেয়াদী ঋণ বিতরণ করা হয়ে থাকে। দেশের প্রত্যেকটি জেলায় ও উপজেলায় নিবন্ধিত কেন্দ্রীয় সমবায় ব্যাংক, সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক এবং অন্যান্য কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতিসমূহ এ ব্যাংকের সদস্য। সনাতন পদ্ধতির ঋণ বিতরণ ব্যবস্থার কার্যকারিতা দিন দিন সংকুচিত হয়ে যাবার প্রেক্ষাপটে ঋণ দাদন করারও সুযোগ থাকেনা। ফলে ব্যাংকের কার্যক্রমে অচলাবস্থা দেখা দিয়েছে।

সনাতন পদ্ধতিতে (Traditional Methods) ঋণ ব্যবস্থার পরিবর্তে আধুনিক ঋণ ব্যবস্থা হিসেবে এ ব্যাংক হতে প্রকল্প ঋণ প্রদানের উদ্যোগ গ্রহন করা হয়েছে । অর্থনৈতিক প্রতিষ্ঠান হিসেবে সমবায় সমিতি সমূহের কার্যক্রম বৃদ্ধি ও সমিতির অর্থনৈতিক পরিকল্পনা বাস্তবায়নে সহায়তা দান তথা সমবায়ীদের আর্থ-সামাজিক উন্নয়ন ও আয় বৃদ্ধির জন্য প্রকল্প ভিত্তিক ঋণ সহায়তা প্রদান এ ব্যাংকের অন্যতম উদ্দেশ্য ।

সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত আইন -২০০২ ও ২০১৩) এর ২৬(১) নং ধারা অনুযায়ী বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ নিবন্ধিত সদস্য বহির্ভূত সমবায় সমিতি ও ব্যক্তি সদস্যগণকে ঋণ প্রদানের বিধান রয়েছে । এ ছাড়াও সমবায় বিধিমালা ২০০৪ এর ২(২৯) নং ধারা অনুযায়ী সমিতি এবং ব্যক্তি/সদস্যদের মূলধন সৃষ্টি করায় এ ব্যাংকের ভূমিকা গুরুত্বপূর্ণ।

উপরোল্লিখিত অবস্থার পরিপ্রেক্ষিতে ব্যাংকের সদস্য সমিতি/ সমিতির সদস্য ও সদস্য বহির্ভূত নিবন্ধিত সমবায় সমিতি/ সমিতির সদস্যগণকে বিভিন্ন প্রকল্পে এবং বিভিন্ন উৎপাদনশীল ও আয়বর্ধক কর্মকান্ডে প্রকল্প ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে সমিতিগুলোর উৎকর্ষতা বৃদ্ধি এবং ব্যাংকের কার্যক্রম বৃদ্ধির জন্য একটি সমন্বিত প্রকল্প ঋণ নীতিমালা (Project Loan Rules) তৈরীর প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় ‘‘সমন্বিত প্রকল্প ঋণ নীতিমালা/২০১৫ (সংশোধিত) প্রণয়ন করা হলো।

এ নীতিমালা অনুযায়ী কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়নের ক্ষেত্রে কোন প্রকার সমস্যা বা অসুবিধা দেখা দিলে ব্যাংকের ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তক্রমে প্রয়োজনীয় ক্ষেত্রে পরিবর্তন ও সংশোধন করা যাবে।

৩। প্রকল্প উদ্যোক্তা (Project Enterpreneur)ঃ

ক) সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ প্রকল্পের উদ্যোক্তা হতে পারবে।

খ) কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/কেন্দ্রীয় সমবায় সমিতিসমূহের সদস্যভুক্ত প্রাথমিক সমবায় সমিতিসমূহ বাংলাদেশ সমবায় ব্যাংকের সদস্যভুক্ত প্রাথমিক সমবায় সমিতিসমূহ এ প্রকল্পের উদ্যোক্তা হতে পারবে।

গ) সমবায় অধিদপ্তরের অধীনে নিবন্ধিত যে কোন সমবায় সমিতি ও সমিতির মাধ্যমে তার ব্যক্তি সদস্যগণ এ প্রকল্পের উদ্যোক্তা হতে পারবেন।

৪। প্রস্তাবিত প্রকল্প ঋণের খাত, ঋণের সিলিং,ঋণ পরিশোধের সময়কাল, মুনাফা ও দন্ড মুনাফার হার নিম্নরূপ হবেঃ-

প্রকল্পের খাত	ঋণের সিলিং	ঋণ পরিশোধের সময়কাল	মুনাফার হার (সরল মুনাফা)	দন্ড মুনাফার হার (সকল ক্ষেত্রে)
১	২	৩	৪	৫
১। ছোট শিল্প প্রতিষ্ঠানঃ ক) রাইস ও ফ্লাওয়ার মিল, গুড়া মসলা মিল। খ) চিড়া মিল, গ) স-মিল, ঘ) ছাপাখানা, ঙ) তেল মিল, চ) সেলাই ও সুচি শিল্প, ছ) হাঁস, মুরগী/মৎস্য খাদ্য উৎপাদন মিল। জ) খাদ্য দ্রব্য প্রক্রিয়াজাতকরণ। ঝ) কৃষি পণ্য প্রক্রিয়াজাতকরণ। ঞ) চা পাতা উৎপাদন ও বাজারজাতকরণ। ট)আগরআতর উৎপাদনও বাজারজাতকরণ।	(ক) সমিতি পর্যায়ে সর্বোচ্চ ২০.০০ লক্ষ টাকা। (খ) ব্যাক্তি পর্যায়ে সর্বোচ্চ০.৫০ লক্ষ টাকা।	সর্বোচ্চ০২ (দুই) বৎসর মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য	১৫%	২%
২ যানবাহনঃ ক) অটোরিক্সা, রিক্সা বা গাড়ীর ছোট ছোট যন্ত্রাংশ।	(ক) সমিতি পর্যায়ে সর্বোচ্চ ৫.০০ লক্ষ টাকা। (খ) ব্যাক্তি পর্যায়ে সর্বোচ্চ ০.৩০ লক্ষ টাকা।	সর্বোচ্চ০১ (এক) বৎসর মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য	১৫%	২%

খ) ভ্যান ও রিক্সা।				
৩। মৎস্য চাষ প্রকল্পঃ **ক) মৎস্য খামার, মৎস্য হ্যাচারী।** **খ) জলাধার/পুকুর খনন ও সংস্কারের মাধ্যমে মৎস্য চাষ।** **গ) মৎস্য চাষ।**	**(ক) সমিতি পর্যায়ে সর্বোচ্চ৫০.০০ লক্ষ টাকা।** **(খ) ব্যাক্তি পর্যায়ে সর্বোচ্চ ০.৫০ লক্ষ টাকা।**	**সর্বোচ্চ০২ (দুই) বৎসর ত্রৈমাসিক/ ষান্মসিক কিস্তিতে পরিশোধযোগ্য**	**১৫%**	**২%**

পাতা-২-

৪। পশু পালন প্রকল্পঃ **ক) গরু মোটা তাজাকরণ,গাভী ও মহিষ পালন।** **খ) ছাগল/ ভেড়া পালন ।** **গ) দুগ্ধ খামার।**	**(ক) সমিতি পর্যায়ে সর্বোচ্চ৫০.০০ লক্ষ টাকা।** **(খ) ব্যাক্তি পর্যায়ে সর্বোচ্চ ০.৫০ লক্ষ টাকা।**	**সর্বোচ্চ০২ (দুই) বৎসর ত্রৈমাসিক/ ষান্মসিক কিস্তিতে পরিশোধযোগ্য**	**১৫%**	**২%**
৫। পাখি পালন প্রকল্পঃ **ক) হাঁস-মুরগী, কবুতর ও কোয়েল পাখি পালন প্রকল্প।** **খ) মৌমাছি পালন ও মধু উৎপাদন**	**(ক) সমিতি পর্যায়ে সর্বোচ্চ১০.০০ লক্ষ টাকা।** **(খ) ব্যাক্তি পর্যায়ে ০.৩০ লক্ষ টাকা।**	**সর্বোচ্চ০১ (এক) বৎসর মাসিক /ত্রৈমাসিক/ষান্মসিক কিস্তিতে পরিশোধযোগ্য**	**১৫%**	**২%**
৬ কৃষি খামার প্রকল্পঃ **আলু চাষ, সজী উৎপাদন, ফল বাগান, ফুলের চাষ, নার্সারী পান চাষ, ভেষজ উদ্ভিদ চাষ, বীজ উৎপাদন, সংরক্ষন ও বিপণন এবং লবণ চাষ প্রক্রিয়াজাতকরণ।**	**(ক) সমিতি পর্যায়ে সর্বোচ্চ২০.০০ লক্ষ টাকা।** **(খ) ব্যাক্তি পর্যায়ে ০.৫০ লক্ষ টাকা।**	**সর্বোচ্চ০১ (এক) বৎসর মাসিক কিস্তিতে পরিশোযোগ্য।**	**১৫%**	**২%**
৭। গ্রামীণ শিল্পঃ **ক) হস্তচালিত তাঁত, জাল বুনন, মৃৎ শিল্প।** **খ) হস্তশিল্প মাদুর, পাটি, বেত ও বাঁশ শিল্প।** **গ) জ্যাম,জেলী, আচার ও দানাদার খাদ্য উৎপাদান/প্রক্রিয়াজাতকরণ ইত্যাদি।** **ঘ) শীতল পাটির বুনন ও বাজারজাতকরণ।**	**(ক) সমিতি পর্যায়ে সর্বোচ্চ৫০.০০ লক্ষ টাকা।** **(খ) ব্যাক্তি পর্যায়ে ০.৫০ লক্ষ টাকা।**	**সর্বোচ্চ০২ (দুই) বৎসর ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধযোগ্য**	**১৫%**	**২%**
৮। পূর্তকাজঃ **ক) আবাসিক ও বাণিজ্যিক ভবন এবং মার্কেট ও সুপার মার্কেট নির্মাণ।**	**(ক) কেবলমাত্র সদস্য সমিতি সর্বোচ্চ২.০০ কোটি টাকা হবে।**	**সর্বোচ্চ০৫ (পাঁচ) বৎসর মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য**	১৫%	২%
৯। ক্ষুদ্র ব্যবসাঃ **ক) ঔষধের দোকান ও মুদি দোকান**	**(ক) সমিতি পর্যায়ে সর্বোচ্চ ৩০.০০ লক্ষ**	**সর্বোচ্চ০১ (এক)**		

খ) সার ও কীটনাশক ব্যবসা, ডিজেল ও মবিল ব্যবসা, ডেকোরেশন ব্যবসা গ) গৃহস্থালী সামগ্রী ইত্যাদি।	টাকা। (খ) ব্যাক্তি পর্যায়ে ০.৫০ লক্ষ টাকা।	বৎসর মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য	১৫%	২%
১০। কৃষি যন্ত্রঃ ক) পাওয়ার ট্রিলার/পাম্প,অগভীর নলকুপ, মাড়াই যন্ত্র, কীটনাশক, স্প্রে-যন্ত্র, উইডার, সেচনালা ও কৃষি ক্ষেত্রে ব্যবহার্য ছোট ছোট যন্ত্রাংশ।	(ক) সমিতি পর্যায়ে সর্বোচ্চ১০.০০ লক্ষ টাকা। (খ) ব্যাক্তি পর্যায়ে ০.৫০ লক্ষ টাকা।	সর্বোচ্চ০১ (এক) বৎসর মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য	১৫%	২%
১১। কারিগরীঃ ক) মটর মেরামত গ্যারেজ, ওয়েল্ডিং কারখানা, স্টিলের আসবাবপত্র তৈরীর কারখানা, কাঠের আসবাবপত্র তৈরীর কারখানা এবং ইলেক্ট্রিক্যাল ব্যবসা ইত্যাদি।	(ক) সমিতি পর্যায়ে সর্বোচ্চ১০.০০ লক্ষ টাকা। (খ) ব্যাক্তি পর্যায়ে ০.৫০ লক্ষ টাকা।	সর্বোচ্চ০১ (এক) বৎসর মাসিক /ত্রৈমাসিক কিস্তি।	১৫%	২%

১২। আই,টি খাত ছোট পরিসরে ঃ ক) কম্পিউটার প্রশিক্ষণ, কম্পিউটার সার্ভিসিং সেন্টার, মোবাইলফোন সার্ভিসিং সেন্টার ও ফটোকপি ব্যবসা এবং যে কোন আই.টি ব্যবসা।	(ক) সমিতি পর্যায়ে সর্বোচ্চ১০.০০ লক্ষ টাকা । (খ) ব্যাক্তি পর্যায়ে ০.৫০ লক্ষ টাকা।	সর্বোচ্চ০১ (এক) বৎসর মাসিক /ত্রৈমাসিক কিস্তিত।	১৫%	২%
১৩। শক্তিঃ ক) বায়োগ্যাস প্লান্ট, জৈবসার উৎপাদন, সৌরবিদ্যুৎ প্রকল্প।	(ক) সমিতি পর্যায়ে সর্বোচ্চ১০.০০ লক্ষ টাকা । (খ) ব্যাক্তি পর্যায়ে ০.৫০ লক্ষ টাকা।	সর্বোচ্চ০১ (এক) বৎসর মাসিক/ত্রৈমা-সিক কিস্তি।	১৫%	২% চলমান পাতা-৪।
১৪। উৎপাদনশীল ও আয়বর্ধক যেকোন ধরণের কৃষি/অকৃষি/অপ্রচলিত পন্য উৎপাদন ও বাজারজাত করণ প্রকল্প।	(ক) সদস্য প্রতি সর্বোচ্চ ৫০,০০০/- টাকা (জামানত বিহীন)	৩ মাস হতে ১বছর মাসিক /ত্রৈমাসিক কিস্তি	১৫%	২%

বিঃ দ্রঃ-(ক) মহিলা সমবায় সমিতির সদস্যগণের ক্ষেত্রে সকল পর্যায়ে মুনাফার হার সরল১০%, দন্ড মুনাফার হার ২%, সমিতির ১% সার্ভিসচার্জ প্রযোজ্য হবে।

(খ) বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ ও সমবায় অধিদপ্তরের স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MOU) এর আলোকে ঋণ আদায়ের সুবিধার্থে ১৫% সরল মুনাফার মধ্যে সমিতিকে ১% ও ঋণ আদায়ের সাথে সমবায় অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে ১% মুনাফা প্রণোদনা হিসাবে প্রদান করা হবে।

৫। ঋণ গ্রহণের যোগ্যতাঃ

K) যে সমস্ত প্রাথমিক সমবায় সমিতি, কেন্দ্রীয় সমবায় ব্যাংক, কেন্দ্রীয় সমবায় সমিতি হতে যে সকল সদস্য সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক হতে পূর্বে গৃহীতআদায়যোগ্য ঋণের শতকরা ১০০% পরিশোধ করেছে তারা এ ঋণ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে।

L) স্থানীয় ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের ঋণ খেলাপী সদস্য/কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক এই ঋণ গ্রহণের অযোগ্য বিবেচিত হবে।

M) কেন্দ্রীয় সমবায় ব্যাংক/কেন্দ্রীয় সমবায় সমিতি পূর্বে গৃহীত অপরাপর ঋণ সরকারী সার্কুলার অনুযায়ী পুন:তফসিলীর (বাংলাদেশ ব্যাংক ঋণের ক্ষেত্রে) অনুসরণে শুধুমাত্র আসল টাকার কিস্তি পরিশোধ করে এ ঋণ গ্রহণের যোগ্যতা অর্জন করতে পারবে। সমবায় ভূমি উন্নয়ন ব্যাংককে বাংলাদেশ সমবায় ব্যাংক হতে পূর্বে গৃহীত অপরাপর আদায়যোগ্য ঋণের ১০০% পরিশোধ করে এ ঋণ গ্রহণের যোগ্যতা অর্জন করতে হবে।

N) ঋণ প্রার্থী সমিতি বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর সদস্য অথবা সমবায় অধিদপ্তরের নিবন্ধিত সমবায় সমিতি হতে হবে।

O) আবাসিক ও বাণিজ্যিক ভবন এবং মার্কেট ও সুপার মার্কেট নির্মাণের জন্য ঋণ প্রার্থী সদস্য সমিতিকে অবশ্যই নূন্যতম উপজেলা, পৌরসভা এলাকাধীন শহর অথবা বন্দর ও বাণিজ্য কেন্দ্রে বাণিজ্যিক প্লটের মালিক হতে হবে।

P) আবাসিক ও বাণিজ্যিক ভবন এবং মার্কেট ও সুপার মার্কেট ভবনের অনুমোদিত নকশা ও প্রাক্কলনসহ সংশ্লিষ্ট সকল প্রয়োজনীয় বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষ হতে ছাড়পত্র গ্রহণ করতে হবে।

Q) অটোরিক্সা, রিক্সাভ্যান ও রিক্সা প্রকল্প ব্যতিরেকে প্রকল্প স্থাপনের জন্য সমিতির/সদস্যদের নিজস্ব জমি থাকতে হবে।

R) মৎস্য খামার প্রকল্পের জন্য সমিতির/সমিতির মাধ্যমে সদস্যদের নিজস্ব পুকুর, দীঘি, বিল থাকতে হবে অথবা সরকারী লীজ প্রাপ্ত হতে হবে। ব্যক্তি মালিকানাধীন পুকুর,দীঘি, বিল মৎস্য চাষের জন্য লীজ নেয়া যাবে।

S) যে সকল প্রাথমিক সমবায় সমিতির বার্ষিক সাধারণ সভা/ বার্ষিক অডিট বকেয়া রয়েছেএবং অতীতে কখনও ঋণ আদায় করতে আইনানুগ ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণের প্রয়োজন হয়েছে সে সকল সমিতি এ ঋণ গ্রহণে অযোগ্য বিবেচিত হবে।

ঞ) সুপার মার্কেট ব্যবসায়ী সমিতির সদস্যগণকে নিজস্ব দোকানের মালিকানা/ভাড়াটিয়া দলিলমূলে আবেদন করতে হবে।

ট) যে কোন সমিতি প্রথমবার সদস্যগণের নামে ঋণ গ্রহণ করার পর সম্পূর্ণ টাকা পরিশোধ না করা পর্যন্ত পুনরায় ঐ সমিতি পুরাতন কিংবা নতুন সদস্যদের নামে ঋণের আবেদন গ্রহণযোগ্য হবে না।

৬। স্বত্ব (Equity)ঃ

ঋণ প্রার্থী সমিতিকে প্রকল্পের প্রাক্কলিত মোট বিনিয়োগের ২০% ইকুইটি হিসেবে তহবিল যোগান দিতে হবে। ইকুইটির টাকা সমিতির নিজস্ব তহবিল (শেয়ার মুলধন অথবা মুনাফা হতে গঠিত কোন তহবিলের অর্থ) হতে পরিশোধ করতে হবে। জামানত বিহীন (Without pledge) ঋণের ক্ষেত্রে ইকুইটি প্রযোজ্য হবে না।

৭। ঋণের জামানতঃ

ক) সমবায় ভূমি উন্নয়ন ব্যাংকের ক্ষেত্রে ঋণের জামানত হিসাবে ঋণ গ্রহীতা ব্যক্তি সদস্যগণকে ন্যূনতম ঋণের দেড়গুন মূল্যের নিষ্কন্টক স্থাবর সম্পত্তি বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর অনুকূলে রেজিষ্ট্রি বন্ধক দিতে হবে। সমবায় ভূমি উন্নয়ন ব্যাংকের মাধ্যমে ব্যক্তি সদস্যগণকে ঋণ প্রদানের ক্ষেত্রে সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক সাধারণ ঋণের যে প্রক্রিয়ায় যে কাগজপত্র সংগ্রহ করে সেই একই প্রক্রিয়ায় প্রকল্প ঋণের কাগজপত্র অর্থাৎ তমসুক বন্ড প্রণোট, অঙ্গীকারনামা ও জামিননামা ইত্যাদি সংগ্রহ করবে এবং সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক সংশ্লিষ্ট ঋণ গ্রহীতার জামিনদার হবে। সদস্য বহির্ভূত সমবায় সমিতি/সমবায় সমিতির মাধ্যমে সদস্যগণের জামানতবিহীন ঋণের ক্ষেত্রে ৩০০/- টাকা অথবা সরকার কর্তৃক নির্ধারিত মূল্যমানের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ঋণের শর্ত মোতাবেক চুক্তিনামা ও সরকারী-বেসরকারী চাকুরীজীবি/পরিবারের সদস্য/গ্রামের গণ্যমান্য ব্যক্তি/সমিতির কর্মকর্তা ঋণের জাম্নিদার হবেন এবং প্রত্যেক সদস্যের নিজ নিজ ব্যাংক হিসাবের MICR ব্লাংক (Blank) চেক স্বাক্ষর করে জমা দিবেন। তবে মাসিক কিস্তির ক্ষেত্রে কমপক্ষে ০৬(ছয়) টি MICR ব্লাংক চেক স্বাক্ষর করে জমা দিবেন। ঋণগ্রহণকারী সমিতির পক্ষে সমিতির সভাপতি ও সম্পাদকের যৌথ স্বাক্ষরে পরিচালিত ব্যাংক হিসাবের কমপক্ষে ৪(চার) টি ব্লাংক (Blank) চেক ও তমসুক(Pronote) স্বাক্ষর করে জমা দিবেন।

তবে যে সমসত্ম সমিতির সদস্যরা নিজ নিজ ব্যাংক হিসাবের বিপরীতে MICR চেক সংগ্রহ করতে পারছেনা তাদের পÿÿ সমিতির সভাপতি ও সম্পাদক নিজ নামীয় হিসাবের MICR চেক প্রতিটি সদস্যের কিসিত্মর বিপরীতে সমপরিমাণ টাকার একটি করে বস্নাঙ্ক চেক কিসিত্মর সমপরিমাণ টাকা উলেস্নখ করে অত্র ব্যাংকের স্থানীয় কর্মকর্তার কাছে জমা করবেন। একই সাথে সংশিস্নষ্ট সমিতির সভাপতি ও সম্পাদক এর নিকট হতে নন জুডিশিয়াল স্ট্যাম্পে সমিতির সদস্যরা ঋণ খেলাপী হলে খেলাপী কিসিত্মর টাকা মুনাফাসহ প্রদান করতে বাধ্য থাকবেন মর্মে অঙ্গীকারনামা প্রদান করলে ব্যাংকের ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদনকৃত প্রকল্প ঋণ বিশেষ বিবেচনায় ছাড় করা যেতে পারে।

খ) কেন্দ্রীয় সমবায় ব্যাংকের সদস্যভূক্ত কোন প্রাথমিক সমবায় সমিতি সংশ্লিষ্ট কেন্দ্রীয় সমবায় ব্যাংকের মাধ্যমে এ ব্যাংক হতে প্রকল্প ঋণ গ্রহণ করার প্রশ্নে ঋণের বিপরীতে ন্যূনতম দেড়গুন মূল্যের স্থাবর সম্পত্তি জামানত হিসেবে সংশ্লিষ্ট সমিতি কিংবা সদস্যকে সরাসরি বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর অনুকূলে বন্ধক প্রদান করতে হবে এবং সংশ্লিষ্ট কেন্দ্রীয় সমবায় ব্যাংক উক্ত সমিতির জামিনদার হবে। এ ব্যাংকের সদস্যভুক্ত/সদস্য বহির্ভুত যে সকল প্রাথমিক সমবায় সমিতি প্রকল্প ঋণের জন্য সরাসরি এ ব্যাংকে আবেদন করবে তাদের ক্ষেত্রে কেন্দ্রীয় সমবায় ব্যাংকের জামিনদার হওয়ার প্রয়োজন হবে না।

গ) প্রকল্প ঋণের জামানত হিসেবে ঋণ গ্রহীতা সমবায় সমিতির ন্যূনতম দেড়গুন মূল্যের নিষ্কন্টক স্থাবর সম্পত্তির বর্তমান বাজারমূল্য সরেজমিনে যাচাই বাছাই করে স্থানীয় উপজেলা ইঞ্জিনিয়ার অথবা এসি (ল্যান্ড) অথবা পৌরসভার ইঞ্জিনিয়ার দ্বারা সম্পদ ও বর্তমান বাজার মূল্য সর্ম্পকে মূল্যায়ন সার্টিফিকেট দাখিল করতে হবে।

ঘ) প্রকল্প ঋণের বিপরীতে দেড়গুন মূল্যের প্রস্তাবিত স্থাবর সম্পত্তির কাগজপত্র/দলিলাদি/রেকর্ড পত্র ইত্যাদি ভূমি অফিস/স্থানীয় সাবরেজিষ্ট্রি অফিস/জেলা রেজিষ্ট্রি অফিসের মহাফেজখানা/রেকর্ড রুমের দয়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট অফিসার দ্বারা পরীক্ষা-নিরীক্ষা/তল্লাশী করিয়ে উক্ত সম্পত্তি নিষ্কন্টক আছে মর্মে সার্টিফিকেট দিতে হবে।

ঙ) প্রকল্প ঋণের বিপরীতে বন্ধকের নিমিত্তে প্রস্তাবিত স্থাবর সম্পত্তির কাগজপত্র/দলিলাদি/রেকর্ড পত্রের যথার্থতা/সঠিকতা সর্ম্পকে ব্যাংকের আইন উপদেষ্টার মতামত গ্রহণ করা হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট জেলার সরকারী উকিল এর মতামত গ্রহণ করা হবে।

৮। অতিরিক্ত জামানতঃ

প্রকল্প ও প্রকল্পের অস্থাবর সম্পদ বাংলাদেশ সমবায় ব্যাংকের নিকট দখলহীন (Hypothecation) বন্ধক থাকবে।

৯। ঋণের আবেদন পদ্ধতিঃ

(ক) বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ কর্তৃক প্রণীত নির্ধারিত ছক অনুযায়ী কোন নিবন্ধিত সমবায় সমিতির প্রকল্প ঋণের আবেদন পত্রের সাথে ঋণপ্রার্থী সদস্যগণের ঋণের চাহিদাসহ নামের তালিকা, ছবি, জাতীয় পরিচয়পত্র/ জন্ম-নিবন্ধন সনদ এবং ঋণ গ্রহণের জন্য সমিতির ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তের সত্যায়িত (ইউসিও/ডিসিও কর্তৃক) কপি সংযুক্ত করাসহ সুনির্দিষ্ট একটি প্রকল্পের নাম উল্লেখ করে সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসারের মাধ্যমে দাখিল করতে হবে।

খ) সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত উপজেলা সমবায় অফিসারগণ"সমবায় সমিতির প্রকল্প ঋণের আবেদনপত্র" প্রাথমিকভাবে যাচাই করে সুপারিশসহ সংশ্লিষ্ট জেলা সমবায় অফিসারের নিকট প্রেরণ করবেন। এরপর "সমবায় সমিতির প্রকল্প ঋণের আবেদনপত্র যাচাই সংক্রান্ত জেলা কমিটি" সভা আহবান করে যাচাই বাছাই করে সমিতির ঋণ প্রাপ্তির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে। জেলা সমবায় অফিসার প্রকল্প ঋণের জন্য যোগ্য সমিতির আবেদনপত্র প্রয়োজনীয় সুপারিশসহ সংশ্লিষ্ট যুগ্ম-নিবন্ধক এর মাধ্যমে সমবায় অধিদপ্তর, ঢাকায় প্রেরণ করবেন। সমবায় অধিদপ্তর সংশ্লিষ্ট ঋণ আবেদনের সার্বিক দিক বিবেচনাক্রমে সত্বর বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর নিকট তা প্রেরণের ব্যবস্থা নিবেন।

গ) বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ প্রাপ্ত ঋণের আবেদনসমূহ যাচাই বাছাই করাসহ বিনিয়োগ শর্তসমূহ যাচাই করবে এবং প্রকল্পের আর্থিক ও কারিগরী উপযোগিতা মূল্যায়নের প্রশ্নে প্রয়োজনে এবং বিশেষ ক্ষেত্রে ব্যাংকের প্রকল্প ঋণ শাখার নূন্যতম সহকারী মহাব্যবস্থাপক কর্তৃক সরেজমিনে তদন্ত করবে।

ঘ) বিশেষ গ্রাম ভিত্তিক প্রকল্প সমবায় সমিতির সদস্য পর্যায়ে ঋণ মঞ্জুরের পূর্বে বিএসবিএল এর সদস্য জরিপ তথ্যমালা ফরম পূরণের মাধমে তথ্য সংগ্রহ করা হবে।

ঙ) ঋণের আবেদন পত্রের সাথে সমিতির উপ-আইনের একটি কপি,সর্ব শেষ অডিট রিপোর্ট(নতুন নিবন্ধিত সমবায় সমিতির ক্ষেত্রে আবশ্যক নয়) ও সমিতির নিবন্ধন সনদ এর ফটোকপি উপজেলা সমবায় অফিসার/ জেলা সমবায় অফিসার কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।

চ) আবেদনপত্রের প্রাক্কলন অনুযায়ী প্রয়োজনে মঞ্জুরীকৃত ঋণ দ্রব্যকারে ছাড় করা যাবে

ছ) সংশ্লিষ্ট ঋণ গ্রহীতা ব্যাংক/সমবায় সমিতি/সমিতির মাধ্যমে সমবায়ী সদস্যদের নিকট হতে প্রস্তাবিত ঋণের শতকরা ২.৫০% শেয়ার ক্রয় করবে। সদস্য বহির্ভূত সমিতি/সমিতির ব্যক্তি সদস্যের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

১০। ঋণ মঞ্জুরীঃ

ক) সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ উহার সাধারণ সদস্যের ন্যায় প্রকল্পাধীন সদস্যের প্রকল্পের সম্ভাব্যতা, ঋণ পাওয়ার যোগ্যতা, উহা পরিশোধের ক্ষমতা, প্রস্তাবিত বন্ধকী জমির মালিকানার

সঠিকতা ও মূল্যমান নিরুপনসহ জমি রেজিষ্ট্রার্ড বন্ধক রাখা, তাদের নিজস্ব তত্ত্বধানে যাবতীয় তদারকির দায়িত্বভার সংশ্লিষ্ট ভূমি উন্নয়ন ব্যাংকের ম্যানেজার(প্রিন্সিপ্যাল অফিসার) ও ব্যবস্থাপনা কমিটি সম্পাদন/পালন করবেন। সদস্য বহির্ভূত সমিতি (জেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় অফিসার ও ব্যাংকের কর্মকর্তা) উপরোক্ত প্রক্রিয়া পালন করত: ঋণ মঞ্জুর করার সুপারিশসহ বাংলাদেশ সমবায় ব্যাংকে প্রেরণ করবে। বাংলাদেশ সমবায় ব্যাংক প্রাপ্ত প্রকল্পসমূহ মূল্যায়ন করে ঋণপ্রার্থী সংশ্লিষ্ট ব্যক্তি সদস্যগণকে ঋণ প্রদানের জন্য সমবায় ভূমি উন্নয়ন ব্যাংকে/জেলা সমায় কর্মকর্তা ও বিএসবিএল এর স্থানীয় কর্মকর্তার অনুকূলে ঋণ মঞ্জুর/ছাড় করবে।

খ) বিএসবিএল সংশ্লিষ্ট প্রকল্প যাচাই বাছাই করত: সার্ভে রিপোর্ট ও প্রকল্পের আর্থিক উপযোগিতা সন্তোষজনক বিবেচিত এবং প্রস্তাবিত প্রকল্পের বিপরীতে দাখিলকৃত জামানত সংক্রান্ত দলিলাদি/রেকর্ডপত্র ব্যাংকের আইন উপদেষ্টা কর্তৃক যাচাই বাছাই করে তার মতামতের ভিত্তিতে ঋণ মঞ্জুরীর জন্য ব্যাংকের ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করা হবে।

গ) ঋণ মঞ্জুরীর পর ঋণ ছাড় করার প্রশ্নে সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক ও কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতিকে ঋণ গ্রহণের ব্যাপারে তমসুক, গ্যারান্টি বন্ড, প্রণোট ও অঙ্গীকারনামা দাখিল করতে হবে। অনুরূপভাবে কেন্দ্রীয় সমবায় ব্যাংক/কেন্দ্রীয় সমবায় সমিতির আওতাধীন প্রাথমিক সমিতি/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক তার ব্যক্তি সদস্যদের নিকট হতে তমসুক, গ্যারান্টি বন্ড, প্রণোট ও অঙ্গীকারনামা সংগ্রহ করবে। বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর সদস্যভূক্ত /সদস্য বহির্ভুত যে সমস্ত প্রাথমিক সমবায় সমিতি/সমবায় সমিতির মাধ্যমে ব্যক্তি সদস্যদের সরাসরি এই ব্যাংকে প্রকল্প ঋণের জন্য আবেদন করবে সে সমস্ত প্রাথমিক সমবায় সমিতি/সদস্যের নিকট হতে তমসুক, গ্যারান্টি বন্ড, প্রণোট ও অঙ্গীকারনামা সংগ্রহ করবে।

ঘ) সদস্য বহির্ভূত/ সদস্যভুক্তসমবায় সমিতির সদস্যকে প্রকল্প ঋণ প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর নামে যে কোন তফসিলি ব্যাংকে একটি চলতি হিসাবের মাধ্যমে জেলা সমবায় অফিসার ও এই ব্যাংকের স্থানীয় কর্মকর্তার যৌথ স্বাক্ষরেঋণ কার্যক্রম পরিচালিত হবে এবং আদায়কৃত টাকা উক্ত হিসাবে জমা করতে হবে। কোন অবস্থায় আদায়কৃত টাকা হাতে ধরে রাখা যাবে না।

১১। ঋণ বিতরণঃ

ক) জামানত বা বন্ধকী সম্পত্তি রেজিষ্ট্রেশনের বিষয়ে নিশ্চিত হওয়ার পর বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হতে মঞ্জুরীকৃত ঋণ সংশ্লিষ্ট কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংকের মাধ্যমে প্রকল্পের চাহিদা মাফিক ঋণ ছাড় করা যাবে।

খ) ক্ষুদ্র শিল্প প্রকল্পের যন্ত্রপাতির মূল্য আমদানীকারক বা সরবরাহকারী প্রতিষ্ঠানকে সমিতির পক্ষে এ ব্যাংক হতে সরাসরি পরিশোধ করা যাবে।

গ) অবশিষ্ট ঋণ প্রকল্প পরিকল্পনা অনুযায়ী কিস্তিতে ছাড় করা যাবে। অগভীর নলকূপ, পাওয়ার পাম্প, পাওয়ার ট্রিলার, চাউল, আটা, গুড়া মশলা মিল ইত্যাদির জন্য নগদে ও দ্রব্যকারে ঋণ বিতরণ করা যাবে।

ঘ) গরু মোটাতাজাকরন, গাভী পালন/মহিষ পালন, হাঁস-মুরগীর খাঁমার,মাছ চাষ, ডেইরী ফার্ম, ছাগল পালন ইত্যাদির জন্য নগদে ও দ্রবাকরে ঋণ বিতরণ করা যাবে।

ঙ) ঋণের প্রতিটি কিস্তি সঠিক সময়ে ব্যবহারের পর পরবর্তী কিস্তি ছাড় করা হবে। ছাড়কৃত কিস্তির টাকা যথাসময়ে ব্যবহার না করার জন্য ঋণের নির্ধারিত হারে দন্ডমুনাফা আরোপ করা হবে অথবা ব্যাংক উক্ত টাকা তলব করা মাত্র সমিতি সমুদয় মুনাফাসহ ফেরত দিতে বাধ্য থাকবে।

চ) ছাড়কৃত কিস্তির টাকা ব্যবহারে কোন অনিয়ম/ত্রুটি ঘটলে ইহার জন্য ঋণ গ্রহণকারী সমিতির ক্ষমতাপ্রাপ্ত সংশ্লিষ্ট ব্যক্তিগণ দায়ী হবেন। ঋণের টাকা এককালীন/কিস্তিতে ছাড় করার সময় ঋণ গ্রহণকারী সমিতির ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিগণ তমসুক (Pronote) প্রদান করবেন।

১২। ঋণ আদায়ঃ

ক) ঋণের শর্তানুযায়ী কিস্তিতে অথবা প্রকল্প পরিকল্পনায় ঋণ পরিশোধের তফসিল (Schedule) মোতাবেক ঋণ আদায়কারী অর্থাৎ সংশ্লিষ্ট এলাকার এই ব্যাংকের স্থানীয় অফিসার, ওয়াদা পালনকারী অর্থাৎ ঋণ গ্রহণ ও পরিশোধের নিমিত্তে ক্ষমতাপ্রাপ্ত তমসুক (Pronote)

অঙ্গীকারনামায় (Undertaken) স্বাক্ষরকারী ঋণ আদায় নিশ্চিত করবেন। মুনাফা ও দন্ডমুনাফা খাতে পাওনা টাকা বাকী রেখে আসল খাতে কোন টাকা ওয়াসিল করা যাবে না । ঋণ পরিশোধের তফসিল (Schedule) অনুযায়ী কিস্তির পরিমাণ নির্ধারণ করা হবে। প্রকল্পের প্রকারভেদ অনুযায়ী মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক/বার্ষিক কিস্তিতে ঋণ আদায় করা হবে।

খ) ব্যক্তি সদস্য/সমিতি যথাসময়ে ঋণ পরিশোধে ব্যর্থ হলে বকেয়া ঋণের আসল টাকার উপর ২% হারে অতিরিক্ত দন্ডমুনাফা আদায় করা হবে।

গ) ব্যক্তি সদস্য/সমিতি কোন কিস্তি পরিশোধে ব্যর্থ হলে পরবর্তী কিস্তি পরিশোধের সময় খেলাপী কিস্তির অতিরিক্ত সৃষ্ট দন্ডমুনাফা বর্তমান কিস্তির সাথে পরিশোধ করবেন। পর পর ০৩ (তিন) কিস্তি পরিশোধে ব্যর্থ হলে তার/তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

ঘ) ব্যক্তি সদস্য/ সমিতি প্রকল্প ঋণের কোন শর্ত ভঙ্গ করলে, ঋণের টাকার অপব্যবহার/আত্মসাৎ করলে অথবা সমিতির শর্ত পরিপন্থী ঋণের টাকা ব্যবহার করা হলে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ তাৎক্ষণিকভাবে সাকুল্য ঋণ ফেরত চাইতে পারবে। ব্যর্থতায় সমিতি কর্তৃক ঋণের বিপরীতে জামানত হিসেবে প্রদত্ত স্থাবর/অস্থাবর সম্পত্তি আইনানুগ পন্থায় বিক্রির মাধ্যমে মুনাফা ও দন্ডমুনাফা এবং মামলা খরচসহ ঋণের টাকা আদায় করা হবে।

ঙ) ১৫% সরল মুনাফার মধ্যে ২% মুনাফার ১% মুনাফা সংশ্লিষ্ট সমবায় সমিতি এবং অবশিষ্ট ১% মুনাফার ০.৫০% সমবায় অধিদপ্তরের উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী এবং অবশিষ্ট ০.৫০% মুনাফা জেলা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে প্রণোদনা হিসেবে বন্টন করা যাবে।

১৩। তদারকীঃ

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ/ সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কেন্দ্রীয় সমবায ব্যাংক/সমিতি/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক / ঋণ গ্রহীতা সমিতি প্রকল্পের বাস্তবায়ন ব্যবস্থাপনা, তত্ত্বাবধান ও তদারকী করবেন।

১৪। সাইনবোর্ড ঃ

প্রকল্প ঋণের জন্য বন্ধকী সম্পত্তিতে বা প্রকল্প ঋণে স্থাপিত খামার, চাউল ও আটার কলসহ সকল প্রকার স্থাপনায় ''বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর নিকট দায়বদ্ধঃ সাইন বোর্ড স্থাপন করতে হবে।

১৫। হিসাব সংরক্ষণঃ

প্রকল্পের নগদান হিসাব (জমা- খরচ), আয় ও ব্যয় এবং ঋণ পরিশোধের হিসাব যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। প্রকল্পের টাকা জমা গ্রহণের জন্য ছাপানো ক্রমিক নম্বর সম্বলিত রশিদ বহি (Cash memo) ব্যবহার করতে হবে। দৈনন্দিন জমা খরচের হিসাব ক্যাশ বইতে লিপিবদ্ধ করতে হবে। নির্ধারিত অংকের হস্তে মজুত তহবিলের অতিরিক্ত টাকা ব্যাংকে জমা রাখতে হবে। বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয় নির্বাহ করতে হবে। খরচের সমর্থনে পাকা ভাউচার সংরক্ষণ করতে হবে। ব্যক্তি সদস্য/সমিতির সদস্যগণের শেয়ার ও আমানতের হিসাব সংরক্ষণের জন্য পৃথক খতিয়ান বই (Ledger) থাকবে।

পৃথক খতিয়ান বহিতে ঋণের হিসাব সংরক্ষণ করতে হবে। উল্লেখিত খতিয়ান বই ছাড়াও সমিতির দায় ও সম্পদের সামগ্রিক হিসাব নিয়ন্ত্রণের জন্য একটি আলাদা সাধারণ খতিয়ান বই (General Ledger) সংরক্ষণ করতে হবে।

১৬। ঋণ খতিয়ানঃ

ঋণ মঞ্জুর/ছাড় ও আদায়ের তথ্য সম্বলিত একটি খতিয়ান বহি (Register)ব্যাংকের প্রকল্প ঋণ শাখায় সংরক্ষণ করতে হবে এবং যাবতীয় লেন-দেন উক্ত খতিয়ান বহিতে লিপিবদ্ধ করতে হবে।